ভারতের কোচ প্রস্তাব ফিরিয়ে দিলেন পন্টিং

অস্ট্রেলিয়ান কিংবদন্তি ক্রিকেটার রিকি পন্টিংকে বিরাট কোহলিদের কোচ হওয়ার প্রস্তাব দিয়েছে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিআই)। কিন্তু সেই প্রস্তাবে রাজি নন অস্ট্রেলিয়ার রেকর্ড বিশ্বকাপজয়ী সাবেক অধিনায়ক পন্টিং।

আগামী মাসেই ওয়েষ্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি বিশ্বকাপের নবম আসর। বিশ্বকাপ শেষে হতেই কোচের চুক্তি শেষ হবে রাহুল দ্রাবিড়ের। এরপর তিনি আর কোচের দায়িত্ব কন্টিনিউ করতে চান না।

বিসিসিআই তাকে আর কিছুদিন প্রধান কোচের দায়িত্ব পালনের অনুরোধ করেছে। কিন্তু রাহুল দ্রাবিড় চুক্তির মেয়াদ নবায়ন করতে চান না।

তাই নতুন কোচের সন্ধানে বিজ্ঞাপন দিয়েছে ভারতীয় বোর্ড। আগামী সোমবার পর্যন্ত সুযোগ আছে আবেদন করার।

তবে বোর্ড নিজেদের মতোও চেষ্টা করে যাচ্ছে। সাবেক ব্যাটসম্যান ও আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের মেন্টর গৌতাম গাম্ভিরকে তারা কোচ হিসেবে চান বলে খবর প্রকাশিত হয়েছে ভারতীয় সংবাদমাধ্যমে। এছাড়াও চেন্নাই সুপার কিংসের কোচ ও সাবেক নিউজিল্যান্ড অধিনায়ক স্টিভেন ফ্লেমিং এবং লাক্ষ্ণৌ সুপার জায়ান্টসের কোচ, অস্ট্রেলিয়ার সাবেক ব্যাটসম্যান ও কোচ জাস্টিন ল্যাঙ্গারের প্রতিও আগ্রহ আছে ভারতীয় বোর্ডের।

এবার আইসিসি রিভিউ-এ রিকি পন্টিং নিজেই জানালেন, তাকে ভারতের কোচ হওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে। কিন্তু তিনি আগ্রহী নন।

পন্টিং বলেন, ‘এটা নিয়ে অনেক প্রতিবেদন আমার চোখে পড়েছে। সাধারণত, এই ধরনের ব্যাপারগুলি আমরা নিজেরাও জানার আগে সামাজিকমাধ্যমে ছড়িয়ে পড়ে। তবে এবার আইপিএলের সময় কিছু ‘ওয়ান-অন-ওয়ান’ আলোচনা হয়েছে, আমার আগ্রহের মাত্রা জানার চেষ্টা করা হয়েছে যে, এটা করব কি না।’

তিনি আরও বলেন, ‘সিনিয়র জাতীয় দলের কোচ হতে ভালোই লাগবে আমার।

তবে অন্যান্য যেসব ব্যস্ততা আমার আছে, পাশাপাশি কিছুটা সময় বাড়িতেও কাটাতে চাই… সবাই জানে যে, ভারতীয় দলের কোচ হলে আইপিএলে কোচিং করানো যায় না, এটাও তাই হিসেবের বাইরে চলে যাবে। তাছাড়া, জাতীয় দলের প্রধান কোচ মানে বছরে ১০-১১ মাসের ব্যস্ততা। যতই এটার প্রতি আগ্রহ থাকুক, আমার এখনকার লাইফস্টাইল এবং যে ব্যাপারগুলো করতে আমি উপভোগ করছি, সেসবের সঙ্গে এটা খাপ খায় না।’

রিকি পন্টিং আরও বলেন, ‘আমার পরিবার ও বাচ্চারা গত পাঁচ সপ্তাহ ধরে আইপিএলে আমার সঙ্গে আছে। প্রতিবারই ওরা আসে। এবার আমার ছেলেকে একটু বলেছিলাম যে, ‘ভারতের কোচ হওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে।’ সে বলল, ‘লুফে নাও বাবা। আগামী বছর দুয়েকের জন্য এখানে চলে আসতে ভালোই লাগবে।’ এখানে এসে থাকতে ও ভারতের ক্রিকেট সংস্কৃতি ওদের এতটাই পছন্দ। তবে আমার এখনকার লাইফস্টাইলে আসলে এই দায়িত্বের জায়গা খুব একটা নেই।’

অস্ট্রেলিয়ান কিংবদন্তি আরও বলেন, ‘বেশ কয়েকজনের নাম উঠে আসতে দেখেছি আমি। গতকাল শুনলাম জাস্টিন ল্যাঙ্গারের কথা, স্টিভেন ফ্লেমিংয়ের কথাও কিছুটা ছড়িয়েছে। গৌতাম গাম্ভিরের নামও শোনা গেছে গত কয়েকদিনে। তবে আমার সম্ভাবনা খুবই কম, যে কারণগুলো বললাম, সেসব কারণে।’

সূত্র: যুগান্তর

ইউরো

চ্যাম্পিয়নশিপে পর্তুগালের দল ঘোষণা

বয়স ৪০ ছুঁইছুঁই। তবুও ক্রিশ্চিয়ানো রোনালদো ছুটে চলছেন। বিরামহীন এই ছুটে চলা দেখে ভক্তরাও অবাক হন প্রায়শই। এবার সেই ফুটবল মহাতারকাকে নিয়ে ইউরো চ্যাম্পিয়নশিপের দল ঘোষণা করেছে পর্তুগাল। অবশ্য কোচ রবার্তো মার্তিনেজ আরো কিছু চমক যোগ

করেছেন ২৬ সদস্যের স্কোয়াডে।

সিআরসেভেনকে নিয়ে তিনি বলেছেন, ‘একজন খেলোয়াড় ক্লাবের হয়ে ৪১ ম্যাচে ৪২ গোল করেছেন। গোলের সামনে তার এই ধরনের ভূমিকা আমাদের খুবই প্রয়োজন।’ এদিকে রোনালদোর চেয়েও বয়সে বড় পেপেকে (৪১ বছর) স্কোয়াডে রেখেছেন মার্তিনেজ। যেটিকে ‘ড্রেসিংরুমে গুরুত্বপূর্ণ ভূমিকা’ হিসেবে দেখছেন পর্তুগিজ কোচ। আবার মিডফিল্ডার ম্যাথিয়াস নুনেসকে তিনি দলে রাখেননি।

আগামী ১৪ জুন থেকে জার্মানিতে শুরু হবে ইউরোর এবারের আসর। পর্তুগাল রয়েছে ‘এফ’ গ্রুপে। এই গ্রুপে রয়েছে চেক প্রজাতন্ত্র, তুরস্ক ও জর্জিয়া। ২০০৪ সালে ইউরোতে যাত্রা শুরু করেছিলেন রোনালদো। এবারের টুর্নামেন্টে অংশ নিলে ১১তম আন্তর্জাতিক টুর্নামেন্ট খেলার খাতায় নাম লেখাবেন তিনি। এর মধ্যে ইউরোতে ষষ্ঠ। ২০১৬ সালে ফ্রান্সে কাঙ্ক্ষিত শিরোপার দেখা পেয়েছিলেন রন-খ্যাত এই ফুটবলার। এবার আরো একটি শিরোপার আশায় মাঠে দেখা যাবে তাকে।

পর্তুগালের ইউরো স্কোয়াড

গোলকিপার :ডিওগো কস্তা, রুই প্যাত্রিসিও ও জোসে সা।

ডিফেন্ডার:জোয়াও কানসেলো, নেলসন সেমেদো, ডিওগো দালত, নুনো মেন্ডেজ, রুবেন দিয়াস, দানিলো পেরেইরা, আন্তনিও সিলভা, পেপে ও গনসালো ইনাসিও।

মিডফিল্ডার:জোয়াও পালিনহা, রুবেন নেভেস, জোয়াও নেভেস, ভিতিনহা, ওতাভিও মন্তিরো, ব্রুনো ফার্নান্দেজ ও বের্নার্দো সিলভা।

ফরোয়ার্ড:ক্রিশ্চিয়ানো রোনালদো, রাফায়েল লিয়াও, জোয়াও ফেলিক্স, গনসালো রামোস, দিয়েগো জোতা, পেদ্রো নেতো ও ফ্রান্সিসকো কনসেইসাও।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ইতিহাস গড়ে টানা চতুর্থ লিগ শিরোপা ম্যানসিটির

শেষ ম্যাচে ম্যানচেস্টার সিটি ও আর্সেনাল দুই দলের সুযোগ ছিল শিরোপা জেতার। তবে ছিল কিছু সমীকরণ। সব সমীকরণকে পাশ কাঁটিয়ে ওয়েস্ট হ্যামকে ৩-১ ব্যবধানে হারিয়ে শিরোপা নিজেদের করে নেয় পেপ গার্দিওলার শিষ্যরা। এই নিয়ে টানা চতুর্থ লিগ শিরোপা জিতে ইতিহাস গড়েছে ম্যানসিটি। ইংলিশ প্রিমিয়ার লিগে এর আগে কোনো দলই টানা চারবার শিরোপা জিততে পারেনি।

রোববার (১৯ মে) শিরোপা প্রতিদ্বন্দ্বী আর্সেনালের চেয়ে ২ পয়েন্টে এগিয়ে থেকে ওয়েস্ট হ্যামের বিপক্ষে মাঠে নামে ম্যানসিটি। তাই শিরোপা জিততে আর্সেনালের জয়ের বিপরীতে হারতে হতো ম্যানসিটিকে। তবে আর্সেনালকে সেই সুযোগ না দিয়ে ওয়েস্ট হ্যামের বিপক্ষে জয় তুলে নেয় ম্যানসিটি।

৩৮ ম্যাচে ২৮ জয় ও ৭ ড্রয়ে ৯১ পয়েন্ট নিয়ে টানা চতুর্থ লিগ শিরোপা নিজেদের করে নেয় পেপ গার্দিওলার শিষ্যরা। একই ম্যাচে ২৮ জয় ও ৫ ড্রয়ে ৮৯ পয়েন্ট নিয়ে রানার্সআপ হয়ে সন্তুষ্ট থাকতে হলো আর্সেনালকে।

ম্যাচের দুই মিনিটের মাথায় এগিয়ে যায় ম্যানসিটি। বের্নার্দো সিলভার অ্যাসিস্ট থেকে গোল করেন ফিল ফোডেন। এরপর ম্যাচের ১৮ মিনিটে আবারও গোল করে দলের ব্যবধান দ্বিগুণ করেন ফোডেন। প্রথমার্ধের শেষ দিকে মোহাম্মদ কুদুসের গোলে ব্যবধান কমায় ওয়েস্ট হাম।

তবে ম্যাচের দ্বিতীয়ার্ধের ৫৯ মিনিটে আবারও গোলের দেখা পায় ম্যানসিটি। রদ্রি গোলে করে ব্যবধান বাড়ান। শেষ পর্যন্ত ৩-১ গোলের জয় নিয়ে শিরোপা উৎসবে মাতে ম্যানসিটি।

সূত্র: ইত্তেফাক

লিগ চ্যাম্পিয়নদের ঠেকিয়ে পয়েন্ট নিল পুলিশ

প্রিমিয়ার ফুটবল লিগের খেলা এখনো চলছে। তিন ম্যাচ হাতে রেখেই টানা পঞ্চম বারের মতো লিগ চ্যাম্পিয়ন হয়ে যায় বসুন্ধরা কিংস। গতকাল নিজের মাঠে ট্রফি উদযাপনের উৎসবের প্রস্তুতি নিয়ে পুলিশের বিপক্ষে নেমে ছিল কিংস।

প্রথমার্ধে এমফনের গোলে ১-০ তে এগিয়ে থাকা কিংসের জালে ৫০ মিনিটে মাহদী ও ৬৯ মিনিটে মারিলোর গোল করে এগিয়ে যায় (২-১) পুলিশ। ৭১ মিনিটে আবার ডরিয়েলটনের গোলে হার বাঁচায় বসুন্ধরা কিংস, ২-২।

রহমতগঞ্জ ও শেখ রাসেলের বিপক্ষে ম্যাচ বাকি। তার আগেই ট্রফি উদযাপন রাঙ্গিয়ে তুলল বসুন্ধরা কিংস। রাতে খেলা শেষে ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান পাপন লিগের ট্রফি তুলে দেন কিংসের হাতে।

সূত্র: ইত্তেফাক

কোপা আমেরিকার প্রস্তুতি ম্যাচে মেসিদের প্রতিপক্ষ ইকুয়েডর ও গুয়াতেমালা

আগামী ২১ জুন পর্দা উঠতে যাচ্ছে ৪৮তম কোপা আমেরিকার। প্রথম ম্যাচেই মাঠে নামবে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা। এ ম্যাচে তাদের প্রতিপক্ষ কানাডা। আর মূল পর্বের খেলায় মাঠে নামার আগে দুটি প্রস্তুতি ম্যাচ খেলবে মেসিরা। এই দুই ম্যাচে তাদের প্রতিপক্ষ ইকুয়েডর ও গুয়াতেমালা। আগেই আর্জেন্টাইন ফুটবল ফেডারেশন জানিয়েছিল।

যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হতে যাওয়া কোপা আমেরিকার মূল পর্বের খেলার মাঠে নামার আগে নিজেদের প্রস্তুত করতে দুটি ম্যাচ খেলবে। তবে সে সময় দুই ম্যাচের প্রতিপক্ষ প্রকাশ না করলেও গত বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তি দিয়ে তা নিশ্চিত করে দেয়।

এ দুই প্রস্তুতি ম্যাচ নিয়ে আর্জেন্টাইন কোচ লিওনেল স্কালোনি বলেন, ‘খেলোয়াড়েরা লম্বা একটা মৌসুম শেষ করে খেলতে নামবে। অনেকেরই মৌসুম জুড়ে প্রচুর ম্যাচ খেলতে হয়েছে। যে দুটি ম্যাচ আছে, এর মধ্যেই দল প্রস্তুত হয়ে যাবে।’

এদিকে আসন্ন আসরটিতে ‘এ’ গ্রুপে রয়েছে মেসিরা। এই গ্রুপে তাদের প্রতিপক্ষ হিসেবে রয়েছে পেরু, চিলি ও কানাডা। যদিও টুর্নামেন্টটির চূড়ান্ত স্কোয়াড ঘোষণা করেনি গেল আসরের চ্যাম্পিয়নরা।

সূত্র: ইত্তেফাক

দামুড়হুদা ক্রীড়া সংগঠকের পক্ষ থেকে নবাগত উপজেলা চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা

দামুড়হুদা উপজেলা নবাগত চেয়ারম্যান আলি মুনছুর বাবুকে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংগঠন। আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলা নবাগত চেয়ারম্যানের বাসভবনে এই শুভেচ্ছা জানানো হয়।

জানাযায়, আসন্ন উপজেলা নির্বাচনে আনারস প্রতীক নিয়ে বিপুল ভোটে নবনির্বাচিত চেয়ারম্যান হয় আলি মুনছুর বাবু। সেই আলোকে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যানকে ফুলেল শুভেচ্ছা জানান দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংগঠক।এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সিনিয়র ক্রীড়া সংগঠক ইউসুফ আলি,ক্রীড়া সংস্থার সদস্য

শহীদ আজম সদু,নওশাদ আলি, দামুড়হুদা দাখিল মাদ্রাসার শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, ক্রীড়া সংগঠক জাকির হোসেন, শিপন,নুরুল, সিহাব রানা,ইসমাইল, আশিক হাসান,টুটুলসহ অনেকে।

মুক্তি পেলেন লামিচানে, বিশ্বকাপ খেলতে বাধা নেই আর

২০২২ সালে এক কিশোরীকে ধর্ষণের অভিযোগ উঠে নেপালের তারকা লেগ স্পিনার সন্দীপ লামিচানের বিরুদ্ধে। এ ঘটনায় গ্রেফতার হয়, জেল খাটে, ক্রিকেট থেকে নিষেধাজ্ঞার মুখেও পড়তে হয় এই ক্রিকেটারকে। তবে গেল বছর এই ক্রিকেটারকে জামিন দেয় আদালত, এতে ক্রিকেটে ফিরেন তিনি।

কিন্তু চলতি বছরের জানুয়ারিতে তার বিরুদ্ধে আনা ধর্ষণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে আট বছরের কারাদণ্ড দেওয়া হয়। সেই সঙ্গে ২০ লাখ রুপি জরিমানা করা হয়। এই রায়ের বিপরীতে উচ্চ আদালতে আপিল করেন লামিচানে। এবার সেখানেই তার বিরুদ্ধে আনা সব অভিযোগ মিথ্যা প্রমাণিত হয়। আর তাতেই এই অভিযোগ থেকে মুক্তি পেয়েছেন দেশটির ক্রিকেট সুপারস্টার।

গতকাল বিচারপতি সূর্যদর্শন দেব ভট্ট এবং অঞ্জু উপ্রেতি ঢাকলে তার আট বছরের কারাদণ্ড বাতিল করেন। সেই সঙ্গে জানিয়ে দেন আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে আর বাধা নেই সন্দীপ লামিচানের। অন্যদিকে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য ইতিমধ্যে ১৫ সদস্যের দল ঘোষণা করেছে নেপাল। সেই স্কোয়াডে ছিলেন না তারকা এই ক্রিকেটার। যদিও আগামী ২৫ তারিখ পর্যন্ত কোনো রকম সমস্যা ছাড়াই নিজেদের স্কোয়াডে পরিবর্তন আনতে পারবে দেশটি। আর সুপারস্টারকে দলে ভেড়ানোর সুযোগ হয়তো মিস করতে চাইবে না নেপাল ক্রিকেট বোর্ড।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

সূর্যকুমার যাদব।

সূত্র: যুগান্তর

বাংলাদেশের বিশ্বকাপ দল ঘোষণা

আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে অবশেষে দল ঘোষণা করেছে বাংলাদেশ। পেসার তাসকিন আহমেদের শেষ সময়ে ইনজুরির কারণে দুই দফা পেছানোর পর মঙ্গলবার (১৪ মে) নাজমুল হাসান শান্তকে অধিনায়ক করে ১৫ সদস্যের বিশ্বকাপ স্কোয়াড ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। দুপুর ১২টা ৩০ মিনিটে দল ঘোষণার কথা থাকলেও তা দেরিতে শুরু হয়।

এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের বিশ্বকাপ দল ঘোষণা করেন প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপু। বিশ্বকাপ দলে রাখা হয়েছে ইনজুরিতে পড়া তাসকিন আহমেদকে। তবে এই দলে জায়গা হয়নি পেস অলরাউন্ডার মোহাম্মদ সাইফুদ্দিনকে।

এছাড়া দলে আছেন অভিজ্ঞ মাহমুদউল্লাহ রিয়াদ, সৌম্য সরকার ও সাকিব আল হাসান। আর ওপেনিংয়ে তরুণ তানজিদ হাসান তামিমের ওপর ভরসা রাখছে টিম ম্যানেজম্যান্ট।

পেস বোলিংয়ে মোস্তাফিজুর রহমানের সঙ্গে আছেন শরীফুল ইসলাম ও তরুণ তানজিম হাসান সাকিব। আর স্পিনারদের মধ্যে দলে জায়গা পেয়েছেন শেখ মেহেদী হাসান ও তানভীর ইসলাম।

বাংলাদেশ স্কোয়াড: নাজমুল হোসেন শান্ত (অধিনায়ক), তাসকিন আহমেদ (সহ-অধিনায়ক) লিটন দাস, সৌম্য সরকার, তানজিদ হাসান তামিম, সাকিব আল হাসান, তাওহিদ হৃদয়, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান, রিশাদ হোসেন, জাকের আলী অনিক (উইকেটরক্ষক), মোস্তাফিজুর রহমান, শরীফুল ইসলাম, তানভীর ইসলাম, তানজিম হাসান সাকিব।

স্ট্যান্ড বাই: আফিফ হোসেন, হাসান মাহমুদ।

সূত্র: ইত্তেফাক